আজকের কাগজ

তারিখ ...21 MAY 1994...
পৃষ্ঠা ১ কলাম ৭

27

# শিক্ষকদের উন্নতি না হলে শিক্ষার উন্নয়ন সম্ভব নয়

## -শেখ হাসিনা

আওয়ামী লীগ সভানেত্রী এবং সংসদে বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা বলেছেন, শিক্ষক কর্মচারিদের অবস্থার উন্নতি না হলে শিক্ষার কাঙ্ক্ষিত উন্নয়ন কখনোই সম্ভব নয়। তিনি শিক্ষক-কর্মচারিদের দাবি-দাওয়ার প্রতি পূর্ণ সমর্থন ঘোষণা করেন।

বাংলাদেশ আওয়ামী লীগ সভানেত্রী ও জাতীয় সংসদে বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনার সঙ্গে কেন্দ্রিয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির নেতারা গতকাল সন্ধ্যায় ২৯, মিন্টো রোডে তার সঙ্গে সাক্ষাত করতে গেলে তিনি একথা বলেন।

শিক্ষক নেতাদের পক্ষ থেকে অধ্যক্ষ মোঃ কামরুজ্জামান, ডঃ ম আখতারুজ্জামান, আজিজুল হক শাহ্ শিক্ষকদের ন্যায়সঙ্গত দাবি-দাওয়ার প্রতি সমর্থনদানের জন্যে শিক্ষক সমাজের পক্ষ থেকে তাঁরা সভানেত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও কৃতজ্ঞতা জানান। নেতারা কেন্দ্রিয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির নেতৃত্বে পরিচালিত চলমান আন্দোলনের সর্বশেষ অবস্থা ও আগামী কর্মসূচি সভানেত্রী শেখ হাসিনাকে অবহিত করেন এবং তাঁর সাহায্য ও সহযোগিতা কামনা করেন।

শেখ হাসিনা দীর্ঘ সময় ধরে শিক্ষক নেতাদের বক্তব্য শুনেন এবং তাঁর ভাষণে বলেন, বিএনপি সরকার মুখে শিক্ষার কথা বললেও বাস্তবে শিক্ষকদের ন্যায়সঙ্গত দাবি মেনে না নিয়ে তাঁদেরকে লাঠি পেটা করছে। চুক্তি করে চুক্তি ভঙ্গ করা এ সরকারের স্বভাবে পরিণত হয়েছে। শুধু শিক্ষকদের সঙ্গে নয়, জাতীয় সংসদেও বিগত দিনে বিরোধী দলের সঙ্গে সম্পাদিত সকল চুক্তি ভঙ্গ করেছে। খবর বিজ্ঞপ্তি'র।